

বাংলাদেশ শিপিং কর্পোরেশন  
চট্টগ্রাম।

সূত্র নং-১৮.১৬.০০০০.৩৫২.৬৫.০৮৮.১৮

তারিখঃ ২৭-০১-২০১৯খ্রিঃ

বিষয়ঃ গত ২০-১১-২০১৮খ্রিঃ তারিখে অনুষ্ঠিত আইসিটি/ইনোভেশন সভার অগ্রগতি প্রতিবেদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নিম্নলিখিত হুকে অগ্রগতি প্রতিবেদন প্রদান করা হলোঃ-


ক্রমিক নং	অগ্রগতি
০১	কার্যবিবরণীর ১ নং সিদ্ধান্তের আলোকে অগ্রগতিঃ ই-নথিতে অফিসিয়াল কার্যক্রম প্রায় ৫০% নিষ্পত্তি হচ্ছে। পত্রজারীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে। ইতোমধ্যে ২টি উদ্ভাবনী উদ্যোগ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। বর্তমানে এর বাস্তবায়ন প্রক্রিয়া যথাযথভাবে চলমান আছে। নিম্নে ২টি ইনোভেশন প্রকল্পের শিরোনাম প্রদান করা হলো। ১। <u>শিরোনামঃ</u> বাংলাদেশ শিপিং কর্পোরেশনের মেরিন ওয়ার্কশপের শ্রমিক কর্মচারীদের উপস্থিতি ব্যবস্থাপনা এবং অধিকাল ভাতা প্রদান সহজীকরণ। ২। <u>শিরোনামঃ</u> জাহাজে স্টোর ব্যবস্থাপনা ও মেরামত সংক্রান্ত সেবা সহজীকরণ।
০২	কার্যবিবরণীর ২নং সিদ্ধান্তের আলোকে অগ্রগতিঃ আইডিয়া ব্যংকে ইনোভেশন প্রকল্প “জাহাজে মালামাল সরবরাহের সেবা সহজীকরণ” আপলোড করা হয়েছে।
০৩	কার্যবিবরণীর ৫নং সিদ্ধান্তের আলোকে অগ্রগতিঃ ইনোভেশন টিমের বিদেশ সফরের নিমিত্ত দপ্তর/সংখ্যা কর্তৃক আলাদাভাবে অদ্যাবধি কোন উদ্যোগ গ্রহণ করা হয় নাই।
০৪	কার্যবিবরণীর ৭নং সিদ্ধান্তের আলোকে অগ্রগতিঃ কার্যবিবরণীর সিদ্ধান্তের আলোকে সকল তথ্যাদি বিএসসি’র ওয়েবসাইটে যথাযথভাবে হালনাগাদকৃত আছে। এতে ইনোভেশন কর্ণারে ইনোভেশন কার্যক্রম সর্বদাই আপলোড করা হচ্ছে।
০৫	কার্যবিবরণীর ৮নং সিদ্ধান্তের আলোকে অগ্রগতিঃ ভিডিও কনফারেন্সিং যথাযথভাবে চালু আছে। মন্ত্রণালয়ের তথ্যাদি Unicode Nikosh ফ্রন্টে ও DOC ফরমেট ই-মেইলে যথাযথভাবে প্রেরণ করা হয়ে আসছে।

  
২৭.০১.১৯

(মোঃ আমিনুল ইসলাম)

সংসংব্যঃ (অপাঃ) ও

ইনোভেশন ফোকাল পয়েন্ট কর্মকর্তা



মোঃ হাবিবুর রহমান  
নির্বাহী পরিচালক (অর্থ)

ও

চীফ ইনোভেশন অফিসার